

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ২৪, ২০১০

বাংলাদেশ জাতীয় সংসদ

চাকা, ২৪শে ফেব্রুয়ারি, ২০১০/১২ই ফাল্গুন, ১৪১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৪শে ফেব্রুয়ারি, ২০১০ (১২ই ফাল্গুন, ১৪১৬) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১০ সনের ৬ নং আইন

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩ নং আইন) এর  
অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন।

যেহেতু, নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (সংশোধন) আইন, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

( ১০৯৭ )

মূল্য : টাকা ২.০০

২। ২০০৩ সনের ১৩ নং আইনের ধারা ৭ এর সংশোধন।—বাংলাদেশ এনার্জি রেগিলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩ নং আইন), এর ধারা ৮ এর উপ-ধারা (১) ও (ক) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১) ও (ক) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(১) কমিশনের চেয়ারম্যান এবং সদস্য পদে নিয়োগের জন্য প্রার্থীগণের নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে, যথা :—

(ক) খনি ও খনিজ সম্পদ, বিদ্যুৎ, কেমিক্যাল, মেকানিক্যাল অথবা পেট্রোলিয়াম বিষয়ে কমপক্ষে স্নাতক-ডিগ্রীধারী প্রকৌশলী; অথবা

(খ) ভূ-রিজাল, ভূ-তত্ত্ব ও খনিজ বিদ্যা, আইন, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবসায়-প্রশাসন, ব্যবস্থাপনা, ফিন্যান্স, ব্যাংকিং, মার্কেটিং, লোক-প্রশাসন, রসায়ন, পদার্থবিদ্যা অথবা ফলিত পদার্থবিদ্যা বিষয়ে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রী; এবং

(গ) দফা (ক) অথবা (খ)তে উল্লিখিত সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে পনের বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।

(১ক) খনি ও খনিজ সম্পদ, কেমিক্যাল, মেকানিক্যাল অথবা পেট্রোলিয়াম বিষয় হইতে একজন এবং বিদ্যুৎ বিষয় হইতে একজন সদস্য নিয়োগ করিতে হইবে এবং অবশিষ্ট তিনজন সদস্য নিয়োগের ক্ষেত্রে উপ-ধারা (১) এর দফা (খ) তে উল্লিখিত বিষয়সমূহের যে কোনটি হইতে একজন করিয়া সদস্য নিয়োগ করিতে হইবে।”

আশফাক হামিদ

সচিব।

মোঃ মাহুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)